

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

জিরানী, সাভার, ঢাকা।

www.bksp.gov.bd



চূড়ান্তভাবে নির্বাচিত প্রশিক্ষণার্থীদের ভর্তি নির্দেশিকা ২০২০:

চূড়ান্তভাবে নির্বাচিত প্রশিক্ষণার্থীদের বিকেএসপিতে ভর্তির জন্য নিম্নলিখিত ধাপগুলো অনুসরণ করতে হবে:

১। উত্তরা ব্যাংকের যে কোন অনলাইন শাখা থেকে সঞ্চয়ী হিসাব নং ৭৩৩, হিসাবের নাম -মহাপরিচালক, বিকেএসপি, শাখা-বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকা এর অনুকূলে ভর্তি ফি বাবদ-২০০০/-, জামানত-৫০০০/-, চিকিৎসা ফি বাবদ-৩০০/-, পরীক্ষা ফি-১৫০/- ম্যাগাজিন ফি-১০০/-, লাইব্রেরি ফি -১০/- বেতন বই-১০/- সহ সর্বমোট ৭৫৭০/- (সাত হাজার পাঁচশত সত্তর) টাকা (ব্যাংক জমাধান ফি ব্যতিত) জমা দিতে হবে। টাকা জমার রশিদে জমাকারীর স্বাক্ষরের স্থানে প্রশিক্ষণার্থীর নাম ও অভিভাবকের মোবাইল নং লিখতে হবে।

২। ক) যে সমস্ত কাগজপত্র ওয়েবসাইটে থেকে ডাউনলোড করতে হবে:

- প্রশিক্ষণার্থী ভর্তি নির্দেশিকা
- প্রশিক্ষণার্থীর ব্যক্তিগত তথ্যাবলী ছক
- অভিভাবকের আয়ের প্রত্যয়ন পত্র ছক
- প্রশিক্ষণার্থীর প্রয়োজনীয় দ্রব্যসামগ্রীর তালিকা (ছেলে/মেয়ে)
- বিকেএসপি কর্তৃপক্ষ ও অভিভাবকের মধ্যে ২০০/- (দুইশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামার খসড়া
- বিকেএসপি পরিচিতি
- বিকেএসপিতে ভর্তির চূড়ান্ত ফলাফল তালিকা। (নিজ নিজ ক্রীড়া বিভাগ ভিত্তিক)

খ) যে সমস্ত কাগজপত্র ওয়েবসাইটে আপলোড করতে হবে। ওয়েবসাইটে: www.bksp.gov.bd > লগ ইন > ছাত্র/ছাত্রী > online admission > Apply

- যথাযথভাবে পূরণকৃত অভিভাবকের আয়ের প্রত্যয়ন পত্র
- যথাযথভাবে পূরণকৃত প্রশিক্ষণার্থীর ব্যক্তিগত তথ্যাবলী
- উত্তরা ব্যাংকে টাকা জমার রশিদ ও রশিদের ফটোকপি
- অভিভাবকের আয়কর রিটার্নের প্রাপ্তি স্বীকার পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)
- অধ্যয়নরত বিদ্যালয়ের ছাড়পত্র
- অধ্যয়নরত বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষার নম্বরপত্র
- প্রশিক্ষণার্থীর জন্ম নিবন্ধন সনদ পত্র
- পিতার সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি
- মাতার সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি
- অভিভাবকের সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি
- পিতা ও মাতার জাতীয় পরিচয় পত্র
- PEC পরীক্ষার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)
- JSC পরীক্ষার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)
- প্রতিবেদক (যক্ষা, টায়ফয়েড, হেপাটাইটিস বি) সমূহের প্রমাণ পত্র
- রক্তের Group এর প্রমাণ পত্র।

গ) প্রয়োজনীয় ক্রীড়া সামগ্রী অত্র প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহ করা হবে। সামগ্রী ক্রয় বাবদ নিম্নে উল্লেখিত টাকা (আনুমানিক) নগদ পরিশোধ করতে হবে:

আচারি- ৭০৩০/-, এ্যাথলেটিক্স- ১২৫১০/-, বাস্কেটবল-১০১০০/-, বক্সিং- ৮৭৫০/- ক্রিকেট-ব্যাটসম্যান-২৬৩৫০/-, উকেট কিপার-৩২০০০/- ও বোলার-২৭৩৫০/-, ফুটবল-৭২২০/-, জিমন্যাস্টিকস-১০৬০০/-, হকি-১৯৯৫০/-, জুডো-১৪০০০/-, শ্যুটিং-১৮৫০০/-, সাঁতার- ছেলে-৬৯০০/- ও মেয়ে-৭৪০০/-, টেনিস-২৪১০০/-, টেবিল, টেনিস-২৭০০০/-, ভলিবল-১৬৯০০/-, কারাতে-২৭৮০০/-, তায়কোয়ানডো-৩১৯৭৫/-, উশু-১৫১০০/- এবং কাবাডি/-১০৬০০/-।

৩। অনলাইন সংক্রান্ত কার্যাবলী ২৮/০৩/২০২০ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে এবং submit এর পর ২ (খ) তে উল্লেখিত যাবতীয় কাগজপত্রের প্রিন্ট কপি সঙ্গে আনতে হবে।

৪। প্রশিক্ষণার্থীর প্রয়োজনীয় দ্রব্যসামগ্রী, পোশাকাদি ও ওয়েবসাইটে আপলোডকৃত ডকুমেন্টের হার্ডকপি সহ ২৯/০৩/২০২০ তারিখ সকাল ৯.০০ ঘটিকার মধ্যে ঢাকা বিকেএসপি ও আঞ্চলিক কেন্দ্রের প্রশিক্ষণার্থীদের স্ব স্ব আঞ্চলিক কেন্দ্রে উপস্থিত হয়ে চুক্তিপত্রে স্বাক্ষর সহ অন্যান্য কার্যাবলী সম্পন্ন করে ভর্তি নিশ্চিত করতে হবে এবং ভর্তিকৃত প্রশিক্ষণার্থী হোস্টেলে অবস্থান করবে।

৫। ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার সময় নন জুডিসিয়াল স্ট্যাম্প, নেম প্লেট ১ টি, বেল্ট ১ টি, এপোলেট ১ টি, আইডি কার্ড ১ টি, পুলওভার ১ টি, বেডসীট ২ টি ও ১ টি টাই বাবদ নগদ ২,৩০০/- (দুই হাজার তিনশত) টাকা প্রদান করতে হবে।

৬। অনলাইনে আপলোডকৃত কাগজপত্র অসত্য ও অসম্পূর্ণ হলে এবং ডাক্তারী পরীক্ষায় অযোগ্যতা/ জটিল কোনো অসুস্থতা/ নির্ধারিত বয়সের চেয়ে বেশী বয়স প্রমাণিত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ ভর্তি বাতিল বলে গণ্য হবে।

কর্ণেল এ কে এম মাজহারুল হক, এফডরিউসি, পিএসপি, এনএসপি
পরিচালক (প্রশিক্ষণ)
বিকেএসপি।